শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে

**শিলিগুড়ি পৌর কর্পোরেশন নির্বাচন ২০২২**
**বামফ্রন্টের নির্বাচনী ইশতেহারের কিছু মুখ্য কথা**



# উন্নত শিলিগুড়ি

- শহরের রাস্তাঘাট, নিকাশি ব্যবস্থার উন্নতি।
- আবর্জনা নিকাশের ব্যবস্থাপনার বিজ্ঞানসম্মত উন্নয়ন।
- শিলিগুড়ির পরিশ্রুত পানীয় জলের সার্বিক প্রকল্পের অনুমোদন আদায় করা।
- শহরের সৌন্দর্য বৃদ্ধি। মহানন্দা নদীতীরের সৌন্দর্যায়ন ও পার্ক নির্মাণ।
- যানজটের সমস্যার দ্রুত সমাধান, সুপরিকল্পিত পার্কিংয়ের ব্যবস্থা।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে



# নদীর সুস্থতা

- শহর সংলগ্ন সমস্ত নদীর অবিলম্বে সংস্কার ও তার রক্ষণাবেক্ষণে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি।
- বামফ্রন্ট পৌরবোর্ডের শুরু করা মহানন্দা নদী সংস্কার প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্ত করতে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি।
- জলবায়ু পরিবর্তন একশন প্ল্যান কার্যকরী করা।
- শহরে বায়ু দূষণের মাত্রা হ্রাস করা।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে



# শিক্ষার বিষয়

- অবিলম্বে ড্রপআউট ছাত্র-ছাত্রীদের স্কুলে ফেরানো।
- স্কুল কলেজে পঠনপাঠন চালু করার উদ্যোগ।
- শহরে হিন্দী ভাষায় আরও স্কুল স্থাপনে উদ্যোগ গ্রহণ।
- গরীব ছাত্র-ছাত্রীদের পাঠ্য পুস্তক প্রদান।
- আরও খেলার মাঠ উন্নত করা। বস্তি ক্রীড়া পুনরায় চালু করা।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে



# রোজগেরে শিলিগুড়ি

- ক্ষুদ্র ব্যবসায়ীদের লাইসেন্স ফি হ্রাস।
- নতুন ক্ষুদ্র ও কুটির শিল্পে উৎসাহ।
- হকার ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য স্থায়ী বাজার নির্মাণ করা।
- বিধান মার্কেটকে পুরসভার হাতে আনা। হকার্স কর্ণারে স্থায়ী বাজার তৈরী ও মালিকানা সত্ত্ব দেওয়া।
- স্বনির্ভরগোষ্ঠীর সংখ্যা বাড়ানো ও আর্থিক সহায়তা প্রদান।
- মহিলাদের নার্সিং ও কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা।
- টোটো ও ভ্যান চালকদের বিশেষ সামাজিক সুরক্ষা।
- কর্পোরেশনে শূন্য স্থায়ী  সাফাই কর্মী ও অন্যান্য পদ পূরণ করা। নতুন পদ সৃষ্টি করা।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে

# গরীবের বসবাসের নিশ্চয়তা

- গরীব বাস্তুহীনদের পাট্টা ও বাস্তুজমির লীজ দেওয়া।
- বসতি রেখে বস্তির উন্নয়ন। বস্তি উচ্ছেদ নয়।
- গরীব বৃদ্ধ, বৃদ্ধা প্রতিবন্ধীদের নিয়মিত ভাতা প্রদান, বিনামূল্যে চাল প্রদান।
- বস্তিবাসী ও গরীবদের পৌরকর থেকে রেহাই।
- সন্তানসম্ভবা গরীব মহিলাদের পুষ্টিকর খাদ্যের জন্য আর্থিক সহায়তা।
- **আগামী ৫ বছরে সকলের জন্যে আবাসন প্রকল্পে ১০ হাজার গৃহ নির্মাণ করা হবে।**



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে

# প্রাণের শহর

- বৃক্ষ রোপণের মাধ্যমে শহরে গ্রীন জোন তৈরি করা।
- যত্রতত্র গাছকাটা অবিলম্বে বন্ধ করা।
- পরিবেশ রক্ষায় ওয়ার্ড ভিত্তিক বিশেষ টিম পাড়ায় পাড়ায়।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে



# ফিট শিলিগুড়ি


- প্রতি ওয়ার্ডে জনস্বাস্থ্য কেন্দ্র চালু করা। মাতৃসদনকে আরও উন্নত করা।
- ন্যাশনাল আরবান হেলথ মিশন প্রকল্পকে আরও উন্নতভাবে কার্যকর করা।
- নার্সিং হোম ও বেসরকারি প্যাথলজিক্যাল সেন্টারের খরচ নিয়ন্ত্রণ করা।
- বিভিন্ন সেবামূলক কাজে উৎসাহ দেওয়া ও সমাজের সাথে সমন্বয় সাধন।
- বাজারগুলিতে এমার্জেন্সি চিকিৎসাও ফার্স্ট এইডের ব্যবস্থা করা।
- মেয়েদের জন্যে পাড়ায় পাড়ায় জিম স্থাপন করা।





# সুরক্ষিত শিলিগুড়ি

- নারী নিরাপত্তার জন্য প্রতি ওয়ার্ডে জনসচেতনতামূলক প্রচার।
- শহর জুড়ে নারীদের জন্য সুলভ শৌচালয়ের সংখ্যা বৃদ্ধি।
- নারীদের অর্থনৈতিকভাবে স্বনির্ভর করে তোলার জন্য শিল্পোদ্যোগ।
- সমাজবিরোধী কার্যকলাপ, লিঙ্গবৈষম্যমূলক আচরণের কঠোর বিরোধিতা করা।




শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে

# সম্প্রীতির শিলিগুড়ি

- তৃণমূল বিজেপির সাম্প্রদায়িক উস্কানিকে রুখে ঐক্যবদ্ধ থাকার শপথ।
- ধর্ম-জাতি-ভাষা ভিত্তিক ভেদাভেদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ।



শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে




# শিলিগুড়ির স্পাইন

- তোলাবাজি, কাটমানি, তৃণমূলের গুণ্ডারাজ রুখে দেওয়া।
- পুরসভাকে দালালচক্র মুক্ত করা।
- জমি হাঙর-কর্পোরেটরাজ বন্ধ করা।
- নাগরিক পরিষেবা সুলভে প্রত্যেক মানুষের অধিকারে আনা।
- শংসাপত্র পেতে হয়রানি বন্ধ করা।
- ওয়ার্ড কমিটিতে গরীবদের মতামত প্রদান নিশ্চিত করা।




শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে




# কোভিড কমব্যাট

- এলাকাভিত্তিক সেফ হোম স্থাপন।
- জরুরিভিত্তিতে তৎক্ষনাৎ ঘরে ঘরে অক্সিজেন, পথ্য,মাস্ক পৌঁছনোর ব্যবস্থা।
- শহরে আইসোলশেন সেন্টারের সংখ্যাবৃদ্ধি।
- স্বেছাসেবী সংস্থাগুলির সেবামূলক কাজে উৎসাহ প্রদান করা।
- পুরসভাকে আমলাতন্ত্র নয়, নাগরিকদের নিজস্ব সংস্থায় পরিণত করা।
- বোরো ও ওয়ার্ড কমিটিগুলিকে ক্ষমতায়িত করা।




শিলিগুড়ি লড়ছে
বামেরাই ফিরছে

## শিলিগুড়ি লড়ছে
## বামেরাই ফিরছে

আপনাদের প্রিয় শহর শিলিগুড়ির প্রতি রাজ্যের বর্তমান সরকার ও শাসক দল বহু অবহেলা ও বঞ্চনা করেছে। করেছে অপমান ও অসম্মান। আমরা চাই শিলিগুড়ির আত্মমর্যাদা ও আত্মসম্মান। কোন দয়ার দান নয়, শিলিগুড়ি চায় তার ন্যায়সঙ্গত প্রাপ্য। বামফ্রন্টই সেই প্রাপ্য দাবি আদায় করতে পারে। এই শহরের এখন পর্যন্ত যত উন্নয়ন হয়েছে, তা করেছে বামফ্রন্টই। বামফ্রন্ট পরিচালিত শিলিগুড়ির পুর বোর্ডই পারবে এই শহরের আরো উন্নয়ন। শিলিগুড়ি চায় কোন মিথ্যে প্রতিশ্রুতি নয়। চায় উন্নয়ন। একটি দক্ষ, স্বচ্ছ, গণতান্ত্রিক, দুর্নীতিমুক্ত পুর বোর্ড দিতে পারে বামফ্রন্টই।

**আসুন ভোট লুঠ রুখে দিয়ে**
**শিলিগুড়ির গণতান্ত্রিক ঐতিহ্য বজায় রাখি।**

---

দার্জিলিং জেলা বামফ্রন্টের পক্ষে আহ্বায়ক জীবেশ সরকার কর্তৃক প্রচারিত।